গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
**বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন**
নিরীক্ষা বিভাগ
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
www.bpc.gov.bd

সূত্র নং-২৮.০৩.০০০০.০৭৬.২৬.০১২.১৫/ তারিখ : ০৫-৫-২০২৫ খ্রি.

# বহি : নিরীক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)'র ২০২৫-২০২৬ এবং তৎপরবর্তী দুই (২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮) অর্থ বছরের চূড়ান্ত হিসাব নিরীক্ষার জন্য বহি: নিরীক্ষক নিয়োগের লক্ষ্যে ব্যবসায়িকভাবে সুপ্রতিষ্ঠিত এবং অভিজ্ঞ আগ্রহী চার্টার্ড একাউন্ট্যান্ট ফার্ম এর নিকট হতে শর্তসাপেক্ষে এক খাম বিশিষ্ট আবেদন আহ্বান করা যাচ্ছে। আগ্রহী অডিট ফার্মসমূহকে আগামী ২৯-৫-২০২৫ খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে বিপিসি'র নিরীক্ষা বিভাগে রক্ষিত নির্ধারিত টেন্ডার বক্সে দরপত্র জমা দিতে হবে। দরপ্রস্তাবসমূহ একই দিন বেলা ১২.৩০ ঘটিকায় খোলা হবে (যদি কেহ উপস্থিত থাকেন)। দরপত্র তফসিল অফিস চলাকালীন ৫০০/-(পাঁচশত) টাকায় সংস্থার প্রধান কার্যালয়, চট্টগ্রাম এর হিসাব বিভাগ হতে আগামী ১৪-৫-২০২৫ হতে ২৮-৫-২০২৫ খ্রি. তারিখের মধ্যে ক্রয়পূর্বক সংগ্রহ করে নির্ধারিত সময়ে সংস্থায় জমা দিতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত তথ্যাদি দাখিল করতে হবে :

১। নিরীক্ষা অফিসের অবস্থান :
(ক) চট্টগ্রামে অফিস থাকলে তার বিবরণ;
(খ) চট্টগ্রাম ব্যতীত অন্যত্র অফিস থাকলে তার বিবরণ;
২। অংশীদারী ও একক মালিকানার ফার্ম :
(ক) ফার্মের মালিকানার ধরণ অংশীদারী ফার্ম/রেজিস্টার্ড ফার্ম সংক্রান্ত বিবরণ ও সনদ;
(খ) একক মালিকানা হলে তার বিবরণ ও সনদ;
৩। বিশেষ যোগ্যতা সম্পন্ন সহকারীগণের (সিএ কোর্স সম্পন্ন কমপক্ষে ৩ জন, যারা সক্রিয়ভাবে নিরীক্ষা কাজে নিয়োজিত থাকবেন) জীবন বৃত্তান্ত (প্রয়োজনীয় সনদসহ);
৪। প্রত্যেক ফার্মে কর্মরত কমপক্ষে ৩ জনের জীবন বৃত্তান্ত প্রদান করতে হবে, যাদের কম্পিউটার প্রশিক্ষণসহ শিক্ষাগত যোগ্যতা এমবিএ/এমকম/আইসিএমএ রয়েছে (প্রয়োজনীয় সনদসহ);
৫। আগ্রহী চার্টার্ড একাউন্ট্যান্ট ফার্মসমূহ একক ও যৌথভাবে আবেদন করতে পারবে;
৬। বহি: নিরীক্ষক হিসাবে কাজের অভিজ্ঞতার বিবরণ (সনদসহ);
৭। বাৎসরিক হিসাব নিরীক্ষার জন্য দুইটি অডিট ফার্মকে যুগ্মভাবে নিয়োগ করা হবে। যুগ্ম অডিটর হিসাবে কাজ করার বিষয়ে প্রত্যাশিত অডিট ফি এর পরিমাণ (ভ্যাট ও ট্যাক্সসহ) আবেদনপত্রে উল্লেখ করতে হবে।
৮। আগ্রহী অডিট ফার্মসমূহকে উপরোক্ত তথ্যাদির স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র ছবি, সনদ ইত্যাদি ফার্মের প্রিন্সিপাল কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
৯। যে কোন তথ্যের জন্য বিপিসি'র ব্যবস্থাপক (নিরীক্ষা) (ফোন : ০১৭১৮৬৬২৭৪৩) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।
১০। চট্টগ্রামে যে সকল প্রতিষ্ঠানের অফিস রয়েছে, সে সকল প্রতিষ্ঠানসমূহকে অগ্রাধিকার দেয়া হবে। অডিট ফার্ম নিয়োগের ক্ষেত্রে বিপিসির সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।
১১। নির্বাচিত ফার্ম/ফার্মসমূহকে শর্তানুযায়ী নিরীক্ষা কাজ সম্পাদনের জন্য নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি স্বাক্ষর করতে হবে।
১২। বিপিসি কর্তৃপক্ষ কোনরুপ কারণ দর্শানো ব্যতিরেকে অত্র বিজ্ঞপ্তি সংশোধন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ আবুল কালাম আজাদ)
মহাব্যবস্থাপক (নিরীক্ষা)